সংবাদ

তারিখ : 28 JUN 2015
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

# কমছে রপ্তানিতে উৎসে কর ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভ্যাট

গৌতম ঘোষ

রপ্তানিকারক ও শিক্ষার্থীদের আপত্তির কারণে উৎসে করহার ও ভ্যাট কমানোর সিদ্ধান্ত নিতে যাচ্ছে সরকার। পাশাপাশি এলাকাভেদে ন্যূনতম কর পাঁচ হাজার টাকা করা হচ্ছে। প্রস্তাবিত ২০১৫-১৬ অর্থবছরের বাজেটে সব ধরনের পণ্য রপ্তানিতে উৎসে করহার ১ শতাংশ করার প্রস্তাব দেয়া হয়েছিল। তা থেকে কমিয়ে উৎসে করহার শূন্য দশমিক ৮০ শতাংশ করা হবে। একই সঙ্গে বেসরকারি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের ওপর সংকুচিত মূল্যভিত্তিতে ১০ শতাংশ ভ্যাট আরোপের ঘোষণা দেন অর্থমন্ত্রী। সেটা কমিয়ে ইংলিশ মিডিয়াম স্কুলের মতো সংকুচিত মূল্যভিত্তিতে ৭ দশমিক ৫ শতাংশ ভ্যাট আরোপের বিষয়টি চিন্তাভাবনা করা হচ্ছে। অর্থ মন্ত্রণালয় ও জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্রে জানা গেছে, এবারের প্রস্তাবিত বাজেটে রপ্তানি খাতে উৎসে করহার বহাল রাখার সিদ্ধান্তে শিক্ষা : পৃষ্ঠা : ১৫ ক : ১

## শিক্ষা : প্রতিষ্ঠানে

(১ম পৃষ্ঠার পর)

অনড় ছিল সরকার। তবে ব্যবসায়ীদের তীব্র আপত্তির কারণে এটি কমানোর সিদ্ধান্ত হয়েছে। কোন খাতকে বিশেষ সুবিধা দেয়া হচ্ছে না। সব ধরনের পণ্য রপ্তানিতে দশমিক ৮০ শতাংশ হারে উৎসে কর ধার্য করা হয়েছে। ইতোমধ্যেই অর্থমন্ত্রী সার-সংক্ষেপে অনুমোদন দিয়েছেন। বাজেট পাসের আগে বিষয়টি সংসদে উত্থাপন করা হবে। এদিকে বাজেটে বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ ও ইঞ্জিনিয়ারিং কলেজের ওপর ১০ শতাংশ ভ্যাট আরোপ করা হয়। এই ভ্যাট আরোপের ফলে শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষা সংশ্লিষ্টরা বিরোধিতা করেন। এর আগে একবার বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর ভ্যাট আরোপ করা হয়েছিল। তখন শিক্ষার্থীদের বিক্ষোভের মুখে তা প্রত্যাহার করে নেয়া হয়। তবে এবার পুরোপুরি ভ্যাট প্রত্যাহার না করা হলেও হার কিছুটা কমিয়ে ইংলিশ মিডিয়ামের মতো ৭ দশমিক ৫ শতাংশ করা হতে পারে। এছাড়াও আয়কর, ভ্যাট ও শুল্ক খাতে বেশকিছু পরিবর্তন আনা হচ্ছে।

জানা গেছে, এলাকাভেদে ন্যূনতম কর পাঁচ হাজার টাকা করা হচ্ছে। বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী, অঞ্চলভিত্তিক অবস্থান নির্বিশেষে ন্যূনতম কর চার হাজার টাকা নির্ধারণের ঘোষণা দিয়েছিলেন। কিন্তু এ নিয়ে সংসদ ও সংসদের বাইরে ব্যাপক সমালোচনার মুখে পড়েন অর্থমন্ত্রী। এ বিষয়ে এনবিআরের কর্মকর্তাদের সঙ্গে একাধিকবার বৈঠকও করেছেন। সর্বশেষ চলতি অর্থবছরের মতো অঞ্চলভিত্তিক করহার নির্ধারণের সিদ্ধান্ত হয়েছে। তবে বাজেটে ন্যূনতম করের যে ঘোষণা দেয়া হয়েছে তা বাড়ানো হচ্ছে। এক্ষেত্রে ঢাকা ও চট্টগ্রাম সিটি করপোরেশন এলাকায় অবস্থিত করদাতাদের ন্যূনতম কর পাঁচ হাজার টাকা, অন্যান্য সিটি করপোরেশন এলাকার করদাতাদের জন্য চার হাজার টাকা এবং সিটি করপোরেশন এলাকা ব্যতীত দেশের অন্যান্য স্থানের করদাতাদের জন্য ন্যূনতম কর তিন হাজার টাকা করা হচ্ছে। এছাড়া আমদানি পর্যায়ে নিত্যপণ্য যেমন পরিশোধিত, অপরিশোধিত ভোজ্যতেল, গম, চাউলের খুদের ওপর অগ্রিম আয়কর (এআইটি) প্রত্যাহার করা হচ্ছে। বাজেটে এসব পণ্য আমদানিতে ২ শতাংশ হারে অগ্রিম আয়কর আরোপ করা হয়েছিল।